# 2690 - জনৈক খ্রিষ্টানের সাথে ঐকান্তিক সংলাপ

## প্রশ্ন

আমি আপনাদের ওয়েবসাইট ব্রাউজ করছিলাম। ওয়েবসাইটটি সত্যিই আমার কাছে ভালো লেগেছে। আমি একটি খ্রিস্টান ধর্মীয় বিদ্যালয়ের ছাত্রী। আমি আরো জানতে আগ্রহী। নিম্নোক্ত বিষয়গুলো সম্পর্কে আমি আপনার মতামত জানতে চাই? এগুলো কি সত্য?

ইসলামে জান্নাত হলো: মদ, নারী ও গান। আর জান্নাতের পথ হলো: এইসব বিষয় থেকে দূরে থাকা এবং সাথে ইসলামের পাঁচটি স্তম্ভ পালন করা।

ইসলামে সম্ভবতঃ মুক্তি বা পরিত্রাণের কোনো নিশ্চয়তা নাই। শুধু বলা হয়: জীবদ্দশায় এই পথ অনুসরণ করো, তাহলে আল্লাহর কাছ থেকে মুক্তি পাবে। কিন্তু কোনো নিশ্চয়তা নেই। আমি এভাবে নিশ্চয়তা ছাড়া কোন জীবন যাপন করতে পছন্দ করি না। আমি জানি মুসলমানেরা 'আদি পাপ' (original sin)-এ বিশ্বাস করে না। কিন্তু মানুষ জন্মগতভাবে পাপী হোক বা না হোক, আপনি কি আমার সাথে একমত নন যে মানুষ ভুল করে এবং অনেকে ভুল করে? সুতরাং মানুষ তার ভুল ও পাপের ব্যাপারে কী করবে? আমি তওবা (অনুতাপ) বুঝি। কিন্তু সম্ভবতঃ কেউই আল্লাহর কাছে নিশ্চিত মুক্তি অর্জন করতে পারবে না। এজন্যই আল্লাহ তাঁর পুত্রকে আমাদের জন্য ক্রুশবিদ্ধ হতে পাঠিয়েছেন; আমাদের অতীত, বর্তমান ও ভবিষ্যতের পাপ থেকে মুক্তির জন্য।

ইসলামে কোনো প্রকার মুক্তির নিশ্চয়তা নেই। এটা সত্যিই ভয়ের ব্যাপার মুক্তির নিশ্চয়তা ছাড়া জীবন যাপন করা। আপনি সারাজীবন কাটিয়ে দিবেন কিন্তু কিয়ামতের দিন মুক্তির জন্য যথেষ্ট ভালো কাজ করেছেন কিনা তা জানতে পারবেন না। আপনি জানতে পারবেন না যে, আপনি যথেষ্ট নামায পড়েছেন; নাকি পড়েননি। ... এটি সত্যিই ভয়ংকর ব্যাপার।

আমি অনেক মুসলিম সহপাঠীকে জিজ্ঞাসা করেছি তারা কি নিশ্চিত যে তারা মৃত্যুর পর জান্নাতে বা জাহান্নামে যাবে? কিন্তু কেউই "হ্যাঁ" সূচক জবাব দেয়নি। ইসলামে কোনো নিশ্চয়তা নেই। কারণ ইসলামে যীশু খ্রিস্টের প্রতি ঈমান আনার মাধ্যমে মুক্তির ধারণা নেই। বরং ইসলামে মুক্তি ব্যক্তির কাজ ও কর্মের ওপর নির্ভর করে।

আরও একটি বিষয়: আমি যদি মুসলিম হতে চাই, তাহলে আমি মুসলিম হতে পারব না। যদি মুসলমানেরা বিশ্বাস করে যে মানবজাতির মধ্যে তারাই মনোনীত। তা না হলে তারা তাদের ধর্ম প্রচার করে না কেন? এটা কি শুধু ভাগ্যের ব্যাপার যে, আপনি মুসলিম হয়ে জন্মগ্রহণ করেছেন?

কিন্তু যে কোনো লোক খ্রিস্টান হতে চায়, সেটা সে করতে পারে। যে কেউ কয়েক সেকেন্ডের মধ্যেই খ্রিস্টান হতে পারে।

আমি জন্মের সময় খ্রিস্টান ছিলাম না। খ্রিস্টানরা বিশ্বাস করে যে যীশু খ্রিস্টই প্রভুর কাছে পৌঁছার একমাত্র পথ।

যীশু নিজেই বলেছেন: ‘আমিই পথ, আমিই সত্য, আমিই জীবন। আমার মাধ্যম ছাড়া কেউ পিতার কাছে যেতে পারবে না।’ তিনি বলেননি: ‘আমি অনেক পথের একটি’, বরং বলেছেন ‘আমি-ই পথ।’

তিনি আরও বলেছেন: ‘আমি ও পিতা এক।’

আমি বুঝতে পারছি না কীভাবে কোনো লোক এসব সত্যকে উপেক্ষা করতে পারে, যদি না তারা এসব কথা আগে না শুনে থাকে।

আমি আপনার কাছ থেকে একটি উত্তর ও মন্তব্য আশা করছি।

উত্তরের সংক্ষিপ্তসার

ইসলামী আকীদা সম্পর্কিত কিছু বিষয়:

১. জান্নাতের নিয়ামত শুধু শারীরিক বা ইন্দ্রিয়গত নয়; বরং আত্মিকও। সেটা হলো অন্তরের প্রশান্তির মাধ্যমে, আল্লাহর প্রতি সন্তুষ্টি ও আল্লাহর নৈকট্যের মাধ্যমে। বরং জান্নাতের সর্বশ্রেষ্ঠ নিয়ামত হলো মহান আল্লাহকে স্বচক্ষে দেখা।

২. ইসলাম এমন একটি ধর্ম যা শুধু বর্জনের (কিছু না করার) নির্দেশ দেয় না; বরং কাজ করারও নির্দেশ দেয়। তাই মুক্তিলাভ শুধু নিষিদ্ধ কাজ থেকে বিরত থাকলেই অর্জিত হবে না; বরং ফরয কাজগুলো পালন করতে হবে এবং হারাম থেকে বিরত থাকতে হবে। সুতরাং ইসলাম হচ্ছে নির্দেশিত কার্যাবলী পালন করা এবং নিষিদ্ধ কার্যাবলী বর্জন করা।

৩. ইসলাম নিশ্চয়তা দেয় যে, প্রত্যেক নিষ্ঠাবান মুসলিম যে মৃত্যু অবধি আল্লাহর আনুগত্যের উপর অবিচল থাকবে সে অবশ্যই নিশ্চিতভাবে জান্নাতে প্রবেশ করবে।

৪. মানুষের পাপ সম্পর্কে ইসলামী বিশ্বাস হলো: একজন ব্যক্তি নিজের কৃতকর্মের দায় নিজে বহন করবে; অন্য কেউ এর দায় বহন করবে না। অনুরূপভাবে সে নিজে অন্যের কৃতকর্মের দায় বহন করবে না।

৫. ইসলামে প্রবেশের চাবিকাঠি মাত্র দুটি বাক্য: “আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া সত্য কোনো উপাস্য নেই” এবং “মুহাম্মাদ আল্লাহর রাসূল।” এই ঘোষণার মাধ্যমে একজন ব্যক্তি কয়েক সেকেন্ডের মধ্যেই মুসলিম হতে পারে। এর জন্য বাপ্তিস্ম, যাজক বা কোনো নির্দিষ্ট স্থানে (মসজিদ বা অন্য কোথাও) যাওয়ার প্রয়োজন নেই।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

পর সমাচার:

প্রিয় প্রশ্নকারী, আপনি ইসলাম ধর্মের কিছু বিষয় সম্পর্কে কিছু ধারণা পেশ করে জিজ্ঞাসা করেছেন, আমরা এ জিজ্ঞাসাকে মূল্যায়ন করি। আমরা আশা করব: আপনি যা লিখেছেন তার কিছু বিষয়ে পর্যালোচনা এবং কিছু বিষয়ে ভুল ধারণার সংশোধন করা যেন সত্যে পৌঁছানো ও সত্যকে গ্রহণ করার পথ হয়ে উঠে।

## জান্নাতের নেয়ামত কি শুধুই ইন্দ্রিয়গ্রাহ্য ও দৈহিক?

আপনি জান্নাত সম্পর্কে যে ইসলামী আকিদা তুলে ধরে বলেছেন যে এটি কেবল মদ, নারী ও সঙ্গীতের নেয়ামত; এটি এ বিষয়ে সঠিক বিশ্বাস থেকে অনেক দূরে ও অসম্পূর্ণ। কেননা জান্নাতের নেয়ামত শুধুমাত্র ইন্দ্রিয়গত বা শারীরিক নয়; বরং এটি হৃদয়ের প্রশান্তি, আল্লাহ সুবহানাহু ওয়া তাআলার সন্তুষ্টি ও তাঁর সান্নিধ্যের মাধ্যমে আত্মিক নেয়ামতও বটে। বরং জান্নাতের সর্বোচ্চ ও সর্বশ্রেষ্ঠ নেয়ামত হলো স্বয়ং আল্লাহ রাব্বুল আলামিনের সাক্ষাৎ লাভ করা। যখন জান্নাতবাসীরা তাঁর মহিমান্বিত চেহারা দেখতে পাবে, তখন তারা তাদের সমস্ত নেয়ামতের কথা ভুলে যাবে। জান্নাতে এমন সব বিষয় থাকবে যা মন চায় এবং যা দেখলে চোখ তৃপ্ত হয়। সেখানে কোনো অর্থহীন কথাবার্তা বা পাপের কথা শোনা যাবে না। কেবল শোনা যাবে 'সালাম, সালাম।' "কোনো আত্মাই জানে না তার জন্য কী পুরস্কার লুকিয়ে রাখা হয়েছে, এ হলো তাদের কৃতকর্মের পুরস্কার"। মোদ্দাকথা: জান্নাতবাসীদের নেয়ামত আপনি যা বলেছেন তার মধ্যে সীমাবদ্ধ নয়, বরং তা এর চেয়ে অনেক ব্যাপক।

## ইসলামে কি শুধু নিষিদ্ধ বিষয় বর্জনের মাধ্যমেই মুক্তি পাওয়া যায়?

আপনি বলেছেন যে জান্নাতে প্রবেশ করা কিছু নির্দিষ্ট হারাম বিষয় বর্জনের মাধ্যমেই অর্জিত হয়। এইভাবে বলা এটিও একটি বড় ভুল। কেননা ইসলাম এমন একটি ধর্ম যা শুধু বর্জনের (কিছু না করার) নির্দেশ দেয় না; বরং কাজ করারও নির্দেশ দেয়। তাই মুক্তিলাভ শুধু নিষিদ্ধ কাজ থেকে বিরত থাকলেই অর্জিত হবে না; বরং ফরয কাজগুলো পালন করতে হবে এবং হারাম থেকে বিরত থাকতে হবে। সুতরাং ইসলাম হচ্ছে নির্দেশিত কার্যাবলী পালন করা এবং নিষিদ্ধ কার্যাবলী বর্জন করা। এছাড়া জান্নাতের সমস্ত নেয়ামত এমন নয় যে দুনিয়ায় যা হারাম ছিল এর পুরস্কারস্বরূপ তা দেওয়া হবে। বরং জান্নাতে এমন অনেক নেয়ামত আছে যা দুনিয়াতেও বৈধ ছিল। যেমন বিবাহ দুনিয়াতে বৈধ এবং তা জান্নাতেরও নেয়ামত। ডালিম, ডুমুর ইত্যাদি সুস্বাদু ফলমূল দুনিয়ায় বৈধ এবং জান্নাতেরও নেয়ামত। দুধ ও মধু পান করা দুনিয়ায় বৈধ এবং জান্নাতেরও নেয়ামত প্রভৃতি।

বরং দুনিয়ায় হারাম বস্তুর মধ্যে যে ক্ষতিকারক রয়েছে, সেটি জান্নাতে সরিয়ে নেওয়া হবে যদি তা জান্নাতের নেয়ামতের অন্তর্ভুক্ত হয়; যেমন: মদ। আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা জান্নাতের মদ সম্পর্কে বলেছেন:

لَا فِيهَا غَوْلٌ وَلَا هُمْ عَنْهَا يُنزَفُونَ

“এতে ক্ষতিকর কিছু নেই এবং এটি পান করলে কেউ মাতালও হয় না।” সুতরাং এই মদ মস্তিস্কের বিকৃতি ঘটাবে না, মাথা ব্যথা ও পেট ব্যথার কারণও হবে না। অর্থাৎ এর প্রকৃতি দুনিয়ার মদের চেয়ে সম্পূর্ণ আলাদা। মোদ্দাকথা: জান্নাতের নেয়ামত কেবল দুনিয়ার হারাম বস্তুগুলোকে বৈধ করার মধ্যে সীমাবদ্ধ নয়।

এ প্রসঙ্গে আরও উল্লেখ করা দরকার যে, এমন অনেক হারাম বিষয় আছে যা দুনিয়ায় বর্জন করার পুরস্কারস্বরূপ আখেরাতে তার সমতুল্য কিছু দেওয়া হবে না; চাই তা খাবার হোক, পানীয় হোক বা কোনো কাজ বা কথা হোক। যেমন বিষ দুনিয়ায় হারাম হলেও তা আখেরাতে নেয়ামত হবে না। তেমনি সমকামিতা ও মাহরামদের সাথে বিবাহ বন্ধন দুনিয়ায় নিষিদ্ধ এবং আখেরাতেও তা বৈধ হবে না। আলহামদুলিল্লাহ এটি স্পষ্ট।

## ইসলামে জান্নাতের কোনো নিশ্চয়তা আছে কি?

আপনি বলছেন যে জান্নাতের কোনো নিশ্চয়তা না থাকলে আপনার কথা অনুযায়ী মানুষের জীবন নিকৃষ্ট ও কদর্য হয়ে যাবে। এর উত্তর হলো: এই ধরনের ভুল ধারণাই এমন উপসংহারে পৌঁছে দেয়। বরং আপনি যদি বলতেন: ‘যদি প্রত্যেক ব্যক্তির জন্য জান্নাতের নিশ্চয়তা থাকত, তাহলে সেটেই হতো মহাবিপদ’। কেননা তখন মানুষ সেই নিশ্চয়তার উপর ভর করে সব হারাম কাজ করত এবং সমস্ত নিষিদ্ধ বিষয়ে লিপ্ত হতো।

ইহুদি ও খ্রিস্টানদের মধ্যে যারা অপরাধী তারা অনেক সময় এই ভুল নিশ্চয়তা এবং পাদ্রীদের কাছ থেকে পাপমোচনের সনদ ও ক্ষমার আবেদনের উপর নির্ভর করে পাপকাজ করে থাকে। আমাদের রব তাদের সম্পর্কে বলছেন:

وَقَالُوا لَنْ يَدْخُلَ الْجَنَّةَ إِلا مَنْ كَانَ هُودًا أَوْ نَصَارَى تِلْكَ أَمَانِيُّهُمْ قُلْ هَاتُوا بُرْهَانَكُمْ إِنْ كُنْتُمْ صَادِقِينَ

“তারা (ইহুদি ও খ্রিষ্টানরা) বলে: ইহুদি কিংবা খ্রিস্টান ছাড়া কেউ জান্নাতে প্রবেশ করবে না। এটাতো তাদের অলীক আশা। বলুন: তোমরা সত্যবাদী হলে তোমাদের প্রমাণ নিয়ে আসো।’[সূরা আল-বাকারা: ১১১]

আমাদের (মুসলমানদের) কাছে জান্নাতের বিষয়টি আমাদের ইচ্ছা বা অন্যদের ইচ্ছার উপর নির্ভর করে না। যেমন আমাদের রব বলছেন:

لَيْسَ بِأَمَانِيِّكُمْ وَلا أَمَانِيِّ أَهْلِ الْكِتَابِ مَنْ يَعْمَلْ سُوءاً يُجْزَ بِهِ وَلا يَجِدْ لَهُ مِنْ دُونِ اللَّهِ وَلِيًّا وَلا نَصِيرًا

‘বিষয়টি তোমাদের আশা অনুযায়ী কিংবা কিতাবধারীদের আশা অনুযায়ী হবে না। যে খারাপ কাজ করবে তাকে প্রতিফল দেওয়া হবে এবং আল্লাহ ছাড়া সে নিজের জন্য কোনো অভিভাবক বা সাহায্যকারী পাবে না।’[সূরা আন-নিসা: ১২৩]

নিচে ইসলামী আকিদায় পরিণতির নিশ্চয়তা সম্পর্কে সংক্ষিপ্ত বিবরণ দেওয়া হলো:

ইসলাম এই নিশ্চয়তা দেয় যে, প্রত্যেক নিষ্ঠাবান মুসলিম যে মৃত্যু অবধি আল্লাহর আনুগত্যের উপর অবিচল থাকবে সে অবশ্যই নিশ্চিতভাবে জান্নাতে প্রবেশ করবে। আল্লাহ তাআলা তাঁর কিতাবে বলছেন:

وَالَّذِينَ ءامَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ سَنُدْخِلُهُمْ جَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الأَنْهَارُ خَالِدِينَ فِيهَا أَبَدًا وَعْدَ اللَّهِ حَقًّا وَمَنْ أَصْدَقُ مِنَ اللَّهِ قِيلا

“আর যারা ঈমান এনেছে এবং সৎকাজ করেছে, আমি তাদেরকে জান্নাতে প্রবেশ করাব যার তলদেশে দিয়ে নদী প্রবাহিত হয়। সেখানে তারা অনন্তকাল বাস করবে। এটি আল্লাহর সত্য ওয়াদা। কথায় আল্লাহর চেয়ে কথায় সত্যবাদী আর কে আছে?”[সূরা আন-নিসা: ১২২]

وَعَدَ اللَّهُ الَّذِينَ ءامَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ لَهُمْ مَغْفِرَةٌ وَأَجْرٌ عَظِيمٌ

“যারা ঈমান আনে ও সৎকাজ করে আল্লাহ তাদেরকে ওয়াদা দিয়েছেন যে, তাদের জন্য রয়েছে ক্ষমা ও মহান পুরস্কার।”[সূরা মায়িদাহ: ৯]

جَنَّاتِ عَدْنٍ الَّتِي وَعَدَ الرَّحْمَنُ عِبَادَهُ بِالْغَيْبِ إِنهُ كَانَ وَعْدُهُ مَأْتِيًّا

“চিরস্থায়ী জান্নাতে, করুণাময় আল্লাহ তাঁর বান্দাদেরকে অদৃশ্যে যার প্রতিশ্রুতি দিয়েছেন। তিনি তো সেই সত্তা যার প্রতিশ্রুতি অবশ্যম্ভাবী।”[সূরা মারইয়াম: ৬১]

قُلْ أَذَلِكَ خَيْرٌ أَمْ جَنَّةُ الْخُلْدِ الَّتِي وُعِدَ الْمُتَّقُونَ كَانَتْ لَهُمْ جَزَاءً وَمَصِيرًا

“বলুন: এটা (জাহান্নামের সেই শাস্তি) উত্তম; নাকি সেই চিরস্থায়ী জান্নাত যার প্রতিশ্রুতি মুত্তাকীদেরকে দেওয়া হয়েছে? এটাই হবে তাদের পুরস্কার ও গন্তব্য।"[সূরা আল-ফুরকান: ১৫]

لَكِنِ الَّذِينَ اتَّقَوْا رَبَّهُمْ لَهُمْ غُرَفٌ مِنْ فَوْقِهَا غُرَفٌ مَبْنِيَّةٌ تَجْرِي مِنْ تَحْتِهَا الأَنْهَارُ وَعْدَ اللَّهِ لا يُخْلِفُ اللَّهُ الْمِيعَادَ

“কিন্তু যারা তাদের রবকে ভয় করে, তাদের জন্য রয়েছে কক্ষের উপরে আরও কক্ষ। যেগুলোর তলদেশে দিয়ে নদী প্রবাহিত হয়। এটা আল্লাহর ওয়াদা, আল্লাহ কখনো ওয়াদা খেলাফ করেন না।”[সূরা আয-যুমার: ২০]

একইভাবে ইসলাম এই নিশ্চয়তাও দেয় যে, যে কাফির আল্লাহর নির্দেশ থেকে মুখ ফিরিয়ে নেয়, সে অবশ্যই জাহান্নামে প্রবেশ করবে। আল্লাহ বলছেন:

وَعَدَ اللَّهُ الْمُنَافِقِينَ وَالْمُنَافِقَاتِ وَالْكُفَّارَ نَارَ جَهَنَّمَ خَالِدِينَ فِيهَا هِيَ حَسْبُهُمْ وَلَعَنَهُمُ اللَّهُ وَلَهُمْ عَذَابٌ مُقِيمٌ

“আল্লাহ মুনাফকি পুরুষ, মুনাফকি নারী এবং কাফরিদরেকে জাহান্নামরে আগুনরে প্রতশি্রুতি দয়িছেনে। সখোনে তারা চরিকাল থাকবে। এটাই তাদরে জন্য যথষ্টে। আল্লাহ তাদরে অভশিাপ দয়িছেনে এবং তাদরে জন্য রয়ছেে স্থায়ী শাস্তি।”[সূরা আত-তাওবা: ৬৮]

وَالَّذِينَ كَفَرُوا لَهُمْ نَارُ جَهَنَّمَ لا يُقْضَى عَلَيْهِمْ فَيَمُوتُوا وَلا يُخَفَّفُ عَنْهُمْ مِنْ عَذَابِهَا كَذَلِكَ نَجْزِي كُلَّ كَفُورٍ

“যারা কুফরি করছেে তাদরে জন্য রয়ছেে জাহান্নামরে আগুন। তাদরেকে ধ্বংস করে দওেয়া হবে না য,ে তারা মরে যাবে এবং তাদরে থকেে জাহান্নামরে শাস্তওি লাঘব করা হবে না। এভাবইে আমি প্রত্যকে অবশ্বিাসীকে শাস্তি দইি।”[সূরা ফাতরি: ৩৬]

هَذِهِ جَهَنَّمُ الَّتِي كُنْتُمْ تُوعَدُونَ*اصْلَوْهَا الْيَوْمَ بِمَا كُنْتُمْ تَكْفُرُونَ

“এই সইে জাহান্নাম, যার প্রতশি্রুতি তোমাদরেকে দওেয়া হত। আজ তোমরা এতে প্রবশে করো; কারণ তোমরা কুফরি করত।ে”[সূরা ইয়াসনি: ৬৩-৬৪]

আল্লাহর প্রতশি্রুতি উভয় দলরে ক্ষত্রেইে লঙ্ঘতি হবে না। যমেন কয়িামত সংঘটতি হওয়ার পর উভয় দলরে অবস্থা তুলে ধরে বলা হয়ছে:ে

ونَادَى أَصْحَابُ الْجَنَّةِ أَصْحَابَ النَّارِ أَنْ قَدْ وَجَدْنَا مَا وَعَدَنَا رَبُّنَا حَقًّا فَهَلْ وَجَدْتُمْ مَا وَعَدَ رَبُّكُمْ حَقًّا قَالُوا نَعَمْ فَأَذَّنَ مُؤَذِّنٌ بَيْنَهُمْ أَنْ لَعْنَةُ اللَّهِ عَلَى الظَّالِمِينَ

“জান্নাতরে অধবিাসীরা জাহান্নামরে অধবিাসীদরে ডকেে বলব:ে আমাদরে রব আমাদরেকে যে প্রতশি্রুতি দয়িছেলিনে, আমরা তা ঠকিমতো পয়েছে।ি তোমাদরে রব তোমাদরেকে যে প্রতশি্রুতি দয়িছেলিনে তোমরা কি তা ঠকিমতো পয়েছে? তারা বলব:ে হ্যাঁ। তখন একজন ঘোষক তাদরে মধ্যে ঘোষণা করবনে: জালমিদরে উপর আল্লাহর অভশিাপ।”[সূরা আল-আরাফ: ৪৪]

সুতরাং যে ব্যক্তি ঈমান এনে সৎকাজ করবে এবং এই অবস্থায় মৃত্যুবরণ করব,ে সে অবশ্যই জান্নাতে প্রবশে করব।ে আর যে কুফরি করব,ে মন্দ কাজ করবে এবং এই অবস্থায় মৃত্যুবরণ করব,ে সে অবশ্যই জাহান্নামে যাব।ে তারপর ইসলামরে একটি মহান মূলনীতি হলো: একজন মুমনি ভয় ও আশার মধ্যে জীবন অতবিাহতি করব।ে সে নজিকেে জান্নাতী বলে হুকুম দবিে না; কারণ এতে সে আত্মপ্রবঞ্চনায় পড়ে যাব।ে তাছাড়া সে জানে না কোন অবস্থায় তার মৃত্যু হব।ে অন্যদকিে সে নজিকেে জাহান্নামী বলওে রায় দবিে না; কারণ এটি আল্লাহর রহমত থকেে নরিাশ হওয়া; যা হারাম। সে সৎকাজ করবে এবং আশা রাখবে যে আল্লাহ তাকে পুরস্কৃত করবনে। অন্যদকিে সে আল্লাহর আযাবরে ভয়ে মন্দ কাজ থকেে দূরে থাকব।ে যদি সে পাপ করে ফলেে তাহলে ক্ষমা পাওয়ার জন্য তওবা করবে এবং তওবার মাধ্যমে জাহান্নামরে শাস্তি থকেে বাঁচার চষ্টো

করবে। আল্লাহ তওবাকারীদরে তওবা কবুল করনে এবং পাপ মাফ করনে। মুমনি ব্যক্তি যখন এই ভয় করবে য,ে স যো ভালো কাজ করছে তা যথষ্টে নয় (আপনার ভাষায়) তাহলে এই ভয় ও আশার কারণে স আরও বশেি আমল করব।ে

স যেতই সৎকাজ করুক না কনে, স সেগুলোর উপর নর্িভর কর বেস থোকবে না, প্রবঞ্চতি হবে না। কারণ এমনট হিলে সে ধ্বংস হয় যোব।ে বরং স আেমল কর যোয় এবং সওয়াবরে আশা রাখ।ে একইসাথে স তোর আমল নয়ি রেযি়া (লৌকিকিতা), আত্মতুষ্টি ও বাতলি হওয়ার ভয় পায়। যমেনট আিল্লাহ তাআলা মুমনিদরে ব্যাপারে বলছনে:

وَالَّذِينَ يُؤْتُونَ مَا ءاتَوْا وَقُلُوبُهُمْ وَجِلَةٌ أَنَّهُمْ إِلَى رَبِّهِمْ رَاجِعُونَ

"এবং যারা তাদরে যা দান করার তা দান কর এেই অবস্থায় য,ে তাদরে অন্তর ভীত-কম্পতি; কারণ তারা তাদরে রবরে কাছে ফরি যোব।ে"[সূরা আল-মুমনিুন: ৬০]

এভাবে মুমনি আমল কর যোয়; আশা নয়ি ও ভয় সহকারে যতক্ষণ না স তোওহীদ ও সৎকাজরে উপর বলবৎ থকে আেল্লাহর সাথে সাক্ষাৎ কর।ে পরণিততি সে প্রভুর সন্তুষ্টি ও জান্নাত লাভ কর।ে আপনি যদি বিষিয়টি নয়ি গেভীরভাবে ভাবনে, তাহলে বুঝতে পারবনে য এেগুলোই আমলরে সঠকি প্ররেণা এবং জীবনে সঠকি পথে চলা কবেল এভাবইে সম্ভব।

# আদি পাপ-এর ব্যাপারে ইসলামী আকীদার অবস্থান

আপনি আদি পাপরে বষিয়ে যা উল্লখে করছনে তা কয়কেটি দৃষ্টকিোণ থকে আেলোচনা করা যায়:

প্রথমত: মানুষরে পাপরে ব্যাপারে ইসলামী আকদিার অবস্থান হলো: একজন ব্যক্তি নজিরে কৃতকর্মরে দায় নজিে বহন করব;ে অন্য কউে এর দায় বহন করবে না। অনুরূপভাবে স নেজি অেন্যরে কৃতকর্মরে দায় বহন করবে না। যমেনট আিল্লাহ বলছনে: "এক পাপী অন্য পাপীর পাপ বহন করবে না।" এই আয়াতরে মাধ্যমে আদি পাপরে ধারণা খণ্ডতি হয় যোয়। কনেনা বাবা পাপ করলে সন্তান ও নাতি-নাতনদিরে কী দোষে য তোরা অন্যরে পাপরে বোঝা বহন করব?ে য খ্েরস্টিীয় আকদিা সন্তানদরে উপর বাপরে পাপরে বোঝা চাপয়ি দেয় তো সুস্পষ্ট জুলুম। কোনো ববিকেবান মানুষ কি বিলতে পার য—ে 'পাপ' শতাব্দীর পর শতাব্দী ধর মোনবজাতরি মধ্যে উত্তরাধকিার সূত্রে চলতে থাকবে এবং দাদার পাপ সন্তানদরেক,ে নাতি-নাতনদিরেকে এবং পরবর্তী প্রজন্মকে কলঙ্কতি করব??ে

দ্বতিীয়ত: পাপ করা মানুষরে প্রকৃতগিত। আমাদরে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলছনে: "প্রত্যকে আদম সন্তানই পাপপ্রবণ।'[তরিমযি:ি ২৪২৩] কন্িতু আল্লাহ মানুষকে পাপরে সামনে অসহায় কর রোখনেনি য সে কছিুই করতে পারবে না। বরং আল্লাহ তাকে সুযোগ দয়িছেনে এবং তওবা ও প্রত্যাবর্তনরে দরজা খোলা রখেছেনে। এ কারণইে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আগরে হাদসিরে শষেে বলছনে: 'আর পাপপ্রবণদরে মধ্যে সর্বোত্তম হলো

তওবাকারীরা।”

ইসলামরে শরীয়তে ‘আল্লাহর রহমত’ স্পষ্টভাবে প্রকাশ পায় যখন তনি তাঁর বান্দাদরেকে ডকেে বলনে:

قُلْ يَا عِبَادِيَ الَّذِينَ أَسْرَفُوا عَلَى أَنْفُسِهِمْ لا تَقْنَطُوا مِنْ رَحْمَةِ اللَّهِ إِنَّ اللَّهَ يَغْفِرُ الذُّنُوبَ جَمِيعًا إِنَّهُ هُوَ الْغَفُورُ الرَّحِيمُ

“(আমার এই কথা লোকেদরেকে) বলে দাও: হে আমার বান্দারা! যারা নজিদেরে উপর বাড়াবাড়ি করছে! তোমেরা আল্লাহর রহমত থকেে নরিাশ হয়ো না। নশ্চিয় আল্লাহ সব গুনাহ ক্ষমা করে দবিনে। নশ্চিয় তনি ক্ষমাশীল, অসীম দয়ালু।”[সূরা আয-যুমার: ৫৩]

এটাই মানব আত্মার প্রকৃতি, এটাই তার পথ এবং পাপরে সমস্যা থকেে উত্তরণরে উপায়। পক্ষান্তরে, এই মানবীয় প্রকৃতকিে (পাপপ্রবণতাকে) মানুষ ও প্রভুর মধ্যে অপ্রতরিোধ্য দয়োল বানানো এবং এটা মনে করা যে, মানুষ কছিুতইে প্রভুর সন্তুষ্টরি নাগাল পাবে না যতক্ষণ না প্রভু তাঁর (কথতি) পুত্রকে পাঠান যাতে সে (কথতি) পতিার দৃষ্টি ও শ্রবণরে সামনে অপমানতি ও লাঞ্ছতি অবস্থায় ক্রুশবদ্ধি হয় এবং তবইে তনি মানবজাতকিে ক্ষমা করবনে— এটা অত্যন্ত আশ্চর্যজনক ও হাস্যকর। এই বাতলি কথাটা উল্লখে করাই এর খণ্ডনরে জন্য যথষ্টে।

আম একবার একজন খ্রস্টিানরে সাথে এই বষিয়ে আলোচনা করতে গয়িে বলছেলিাম: তোমেরা যদ বলো যে আল্লাহ তাঁর পুত্রকে ক্রুশবদ্ধি হতে পাঠালনে সে সময়কার মানবজাতরি পাপমুক্তরি জন্য কংিবা যারা ক্রুশবদ্ধিরে পর আসবে তাদরে পাপমুক্তরি জন্য। তাহলে যারা যীশুর জন্মরে আগে পাপ করে মরে গছেে এবং ক্রুশবদ্ধিকরণরে এই আকদিা জানার সুযোগ পায়ন বলে এর প্রত বশি্বাস করতে পারনে, তাদরে কী অবস্থা হবে? তখন লোকট শুধু এইটুকু বলল: আমাদরে পাদ্রীদরে কাছে নশ্চিয় এর উত্তর আছে! যদ উত্তর পাওয়াও যায়, তা হবে কবেল মনগড়া কথা। এছাড়া তারা আর কী বলতে পারব?

আপন যদ নরিপক্ষে ববিকে দয়িে খ্রস্টিানদরে ‘আদ পাপ’-এর বশি্বাস পর্যালোচনা করনে তাহলে দখেবনে যে, তারা বলে: প্রভু তাঁর একমাত্র প্রথমজাত পুত্রকে মানুষরে পাপরে পায়শ্চত্তি হসিবেে বল দয়িছেনে। আর এই পুত্রই হলো উপাস্য (ইশ্বর)। যদ উপাস্যকে প্রহার করা হয়, গাল দওেয়া হয় ও ক্রুশবদ্ধি করা হয়, ফলে তনি মারা যান; তাহলে এই বশি্বাস নজিইে নজিরে অভ্যন্তরে আল্লাহর প্রত নাস্তকিতা ধারণ করছে এবং প্রভুকে দুর্বলতা ও অক্ষমতায় অভযিুক্ত করছে।

প্রভু ক সমস্ত মানুষরে পাপ এক কথায় মাফ করতে অক্ষম? যদ তনি মাফ করতে পারনে, আর তনি তো সর্বশক্তমিান (খ্রস্টিানরাে এতে দ্বমিত করে না), তাহলে কোন জনিসি তাঁকে নজি পুত্রকে বল দতিে বাধ্য করল? (আল্লাহ তাআলা অন্যায়কারীদরে কথা থকেে বহু ঊর্ধ্বে।)

بَدِيعُ السَّمَوَاتِ وَالأَرْضِ أَنَّى يَكُونُ لَهُ وَلَدٌ وَلَمْ تَكُنْ لَهُ صَاحِبَةٌ وَخَلَقَ كُلَّ شَيْءٍ وَهُوَ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ

“তনি আসমান ও যমীনরে স্রষ্টা। কীভাবে তাঁর সন্তান থাকবে, অথচ তাঁর কোনো সঙ্গিনী (স্ত্রী) নেই? তনি সবকছিু সৃষ্টি করছেনে এবং তনি সবকছিু সম্পর্কে সুবজ্ঞি।”[সূরা আল-আনআম: ১০১]

একজন সাধারণ মানুষও মনে নেয় না যে তার সন্তানকে কোনো অনষ্টি স্পর্শ করুক। বরং সে নজিরে সন্তানকে রক্ষা করে, শত্রুর হাতে তুলে দয়ে না; যে শত্রু তাকে কষ্ট দবিে বা গাল দিবে। থাকতো তাকে শূলে চড়য়িে নৃশংসভাবে হত্যা করার জন্য ছড়েে দবি। যদি একজন সাধারণ সৃষ্টরি অবস্থা এরকম হয় তাহলে প্রভুর অবস্থা কমেন হওয়া উচতি?

তৃতীয়ত: ‘আদি পাপ’-এর পায়শ্চত্তিরে যে বশ্বিাস খ্রস্টিানরো ধারণ করে বাস্তব জীবনে এর নতেবিাচক প্রভাব রয়ছে। কারণ আপনি যমেন উল্লখে করছেনে যে, খ্রস্টিীয় বশ্বিাস মানুষরে উপর কোনো বাধ্যবাধকতা আরোপ করে না। তাকে শুধু বশ্বিাস করতে হবে যে আল্লাহ তাঁর পুত্রকে পৃথবিীতে পাঠয়িছেনে ক্রুশবদ্ধি হতে; যাতে তনি মানুষরে পাপরে পায়শ্চত্তি হসিবে মারা যান। এর মাধ্যমইে সে খ্রস্টিান হয়ে যাবে এবং প্রভুর সন্তুষ্টি ও জান্নাতে প্রবশেরে নশ্চিয়তা লাভ করবে। শুধু তাই নয়, বরঞ্চ একজন খ্রস্টিান বশ্বিাস করবে যে আল্লাহর পুত্ররে সাথে যা ঘটছে সটো তার অতীত, বর্তমান ও ভবষ্যিৎ সমস্ত পাপরে পায়শ্চত্তি। এরপর তো আর প্রশ্ন করার সুযোগ নইে যে, খ্রস্টিান সমাজে হত্যা, ধর্ষণ, চুরি, মদ্যপান ইত্যাদি ক্রমাগত হারে বাড়ছে কনে... যীশু কি সগেুলোর পায়শ্চত্তি করতে গয়িে মারা যাননি? সগেুলো মাফ করে দয়ো হয়ছে এবং মুছে দয়ো হয়ছে। সুতরাং তারা পাপ থকেে নবিৃত হবে কনে?

আপনি কি আমাকে বলবনে: কনে আপনারা কখনও কখনও খুনকিে মৃত্যুদণ্ড দনে, অপরাধীকে কারাগারে বন্দি করনে এবং বভিন্নি শাস্তি প্রদান করনে; যদি আপনাদরে দৃষ্টতিে সইে অপরাধীর পাপ যীশুর খুনরে মাধ্যমে মাফ হয়ে গয়িে থাকে? এ কী অদ্ভুত দ্বচিারতিা নয়?

# মুসলমানরা যদি নজিদেরেকে ‘মনোনীত’ মনে কর, তাহলে তারা নজিদেরে ধর্ম প্রচার করে না কনে?

আপনি বলছেনে যে মুসলমানরা যহেতেু নজিদেরে মানবজাতরি মধ্য থকেে ‘মনোনীত’ মনে করে, তাহলে তারা তাদরে বশ্বিাস প্রচার করে না কনে? এর উত্তর হলো: তাদরে মধ্যে যারা নষ্ঠিাবান, আল্লাহর কতিাব মনেে চলনে তারা এটি করছেনে। অন্যথায় ইসলাম মক্কা থকেে ইন্দোনশেয়িা, সাইবরেয়িা, মরক্কো, বসনয়িা, দক্ষণি আফ্রকিা এবং প্রাচ্য ও পাশ্চাত্যরে অন্যান্য দশেে কীভাবে পৌঁছাল? আজকে কছিু মুসলমানরে আচরণে যে ভুলত্রুটি পরলিক্ষতি হচ্ছে, এর দায় ইসলামরে নয় এবং ইসলাম এর কারণও নয়। বরং এসব ঘটছে ইসলামরে বরিুদ্ধাচরণরে ফলইে। কোনো মতাদর্শকে তার অনুসারীদরে ভুলরে জন্য ও বচি্যুতরি জন্য দায়ী করা ন্যায়সংগত নয়।

মুসলমানরো যখন স্বীকার করে যে, পাপী আল্লাহর শাস্তরি হুমকপ্রিাপ্ত যদি না সে তওবা করে এবং যখন তারা স্বীকার

করে যে, কিছু পাপের জন্য দুনিয়াতে এমন দণ্ড (শাস্তি) রয়েছে যা পাপীকে নিবৃত করবে এবং তা আখিরাতের শাস্তির প্রায়শ্চিত্ত হবে; যেমন হত্যা, চুরি ও যিনার দণ্ড ইত্যাদি; তখন কি তারা খ্রিস্টানদের চেয়ে অধিক ন্যায়পরায়ণ নয়?

## ইসলামে প্রবেশ করা কি কঠিন?

আপনি বলছেন যে খ্রিস্টধর্মে প্রবেশ করা ইসলামের তুলনায় সহজ— এটি একটি সুস্পষ্ট ভুল ধারণা। কেননা ইসলামের চাবিকাঠি হলো মাত্র দুটি বাক্য: ‘‘আমি সাক্ষ্য দিচ্ছি যে, ‘আল্লাহ ছাড়া সত্য কোনো উপাস্য নেই’ এবং ‘মুহাম্মাদ আল্লাহর রাসূল।’ এই বাক্য দু’টির মাধ্যমে একজন ব্যক্তি মাত্র কয়েক সেকেন্ডেই ইসলামে প্রবেশ করতে পারেন। এর জন্য কোনো বাপ্তিস্মের দরকার নেই, কোনো পাদ্রীর দরকার নেই, কোনো নির্দিষ্ট স্থানে যাওয়ার দরকার নেই; মসজিদেও না, অন্য কোথাও না।

এর সাথে তুলনা করুন খ্রিস্টানদের বাপ্তিস্মের হাস্যকর আনুষ্ঠানিকতা, যা তারা কাউকে খ্রিস্টধর্মে অন্তর্ভুক্ত করতে চাইলে সম্পাদন করে থাকে।

এছাড়াও খ্রিস্টানেরা ক্রুশকে পবিত্র মনে করে; যে ক্রুশে যীশুকে শূলে চড়ানো হয়েছিল, যা তাঁর পিঠে কষ্ট দিয়েছিল ও যন্ত্রণা দিয়েছিল (তাদের দাবি অনুযায়ী!)। কিন্তু এই ক্রুশকে তারা পবিত্র, বরকতময় ও সুস্থতার প্রতীক মনে করে। অথচ এটিকে নিন্দনীয় ও ঘৃণার বস্তু মনে করা উচিত ছিল।  এটিকে আল্লাহর পুত্রের মৃত্যুর জন্য জঘন্য প্রতীক হিসেবে বিবেচনা করা উচিত ছিল! এটিই তাঁর পিঠে কষ্ট দিয়েছিল এবং তাঁর ঘুম কেড়ে নিয়েছিল।

## সত্যের অধিকারী হিসেবে মুসলমানরাই অগ্রগণ্য

আপনি কি আমার সাথে একমত নন যে মুসলমানরাই সত্যের অধিকারী হওয়ার বেশি যোগ্য? কেননা তারা সমস্ত নবী ও রাসুলকে বিশ্বাস করে, তাদেরকে সম্মান করে এবং বিশ্বাস রাখে যে তাঁরা সকলেই সত্য ও একেশ্বরবাদের (তাওহীদের) উপর প্রতিষ্ঠিত ছিলেন। তারা আরও বিশ্বাস করে যে আল্লাহ প্রতিটি নবীকে সেই কাল ও স্থানের উপযোগী শরীয়ত সহকারে তাঁর সম্প্রদায়ের কাছে পাঠিয়েছিলেন।

একজন ন্যায়পরায়ণ খ্রিস্টান যদি দেখেন যে মুসলমানরা মুসা, ঈসা (যীশু) ও মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সকলকে বিশ্বাস করে এবং মূল তাওরাত, মূল ইঞ্জিল ও কুরআন কারীমকে বিশ্বাস করে, তারপর দেখে যে তার স্বজাতি খ্রিস্টানেরা মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে অস্বীকার করে, তাঁর নবুয়তকে প্রত্যাখ্যান করে এবং তাঁর কিতাবকে মিথ্যা বলে; তাহলে কি তার ন্যায়বোধ তাকে মুসলমানদের পাল্লাকে ভারী মনে করার দিকে পরিচালিত করবে না?

## যীশু কি সত্যিই বলেছিলেন "আমার মাধ্যম ছাড়া কেউ পিতার কাছে যেতে পারবে না"?

আপনি উল্লেখ করেছেন যে, যীশু (ঈসা) বলেছেন: "আমার মাধ্যম ছাড়া কেউ পিতার কাছে যেতে পারবে না।" প্রথমত: এই উক্তিটি প্রমাণ করতে হবে, যীশুর উক্তি হিসেবে এর সত্যতা সাব্যস্ত করতে হবে। দ্বিতীয়ত: এটি সুস্পষ্টভাবে ভুল। কেননা মানবজাতি নূহ, হুদ, সালেহ, ইউনুস, শুআইব, ইব্রাহিম, মুসা এবং অন্যান্য নবীদের যুগে আল্লাহকে কীভাবে চিনল?

আর যদি এই উক্তির অর্থ এটা হয় যে ইসরাইলের বংশধরেরা (বনী ইসরাইল) ঈসা (যীশু) আলাইহিস সালামের যুগে ও তার পরবর্তীতে শেষ নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আগমনের পূর্ব পর্যন্ত কেবল ঈসা আলাইহিস সালামের মাধ্যমেই আল্লাহর ধর্ম ও শরীয়তে পৌঁছতে পারবে, তাহলে আমরা বলব একথা সঠিক ও যুক্তিসঙ্গত।

## 'আমি ও পিতা এক' এই বাক্য কি যীশুর উপাস্য হওয়া প্রমাণ করে?

আপনি সবশেষে যীশুর উক্তি 'আমি ও পিতা এক' উল্লেখ করেছেন। এই বিশ্বাস প্রত্যাখ্যাত। আপনি যদি ইনসাফের পথ অনুসরণ করেন এবং প্রবৃত্তির প্রভাব থেকে মুক্ত হন, তাহলে আপনার কাছে এটি সুস্পষ্টভাবে ফুটে উঠবে যে 'আমি ও পিতা' কথাটি একটি সংযোজ্য (معطوف) ও সংযোজিত পদ (معطوف عليه) দিয়ে এবং তাদের মধ্যে সংযোগকারী অব্যয় (أداة العطف) দিয়ে গঠিত।

ভাষাবিজ্ঞানে সংযোজন (عطف) ভিন্নতা বোঝায়। অর্থাৎ 'পুত্র' একটি সত্তা এবং 'পিতা' ভিন্ন আরেকটি সত্তা। যদি কোনো ব্যক্তি বলে 'আমি ও অমুক', তাহলে প্রতিটি বিবেকবান মানুষ বুঝবে যে তারা ভিন্ন দু'টি সত্তা। আর ১+১+১=১ এমন সমীকরণ সকল বিবেকবান মানুষ (গণিতবিদ হোক বা অন্য যে কেউ) প্রত্যাখ্যান করবেন।

পরিশেষে, আমি আপনাকে উপদেশ দিচ্ছি এবং আমার মনে হয় না আপনি এই উপদেশ প্রত্যাখ্যান করবেন: আপনি যা কিছু পড়েছেন আল্লাহর জন্য নিষ্ঠাবান হয়ে নিজের মনের মধ্যে তা নিয়ে চিন্তা করুন; সব ধরনের পূর্বধারণা ও পুরনো মতামত থেকে মুক্ত হয়ে, সব ধরনের প্রবৃত্তি ও গোষ্ঠীগত পক্ষপাত থেকে বিরত হয়ে, কেবলমাত্র আল্লাহর কাছে সঠিক পথের প্রার্থনায় বিশ্বস্ত হয়ে। আল্লাহ এমন বান্দাকে নিরাশ করার মতো নন যে এভাবে তাঁর কাছে ফিরে আসে। বরং তিনি মহানুভব। আল্লাহই সরল পথের দিশা দানকারী, তিনিই আমাদের জন্য যথেষ্ট এবং তিনি কতই না উত্তম কার্যনির্বাহী।

আল্লাহই সর্বজ্ঞ।